বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

সার্কুলার নম্বর ২০.../২০১৫ এ তারিখঃ-২৯/০৭/২০১৫ খ্রিঃ।

**বিষয়ঃ- মামলা/মোকদ্দমায় সাক্ষ্যগ্রহণ শুরু হলে সকল সাক্ষীর সাক্ষ্যগ্রহণ সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রতিদিন (From day to day) শুনানি অব্যাহত রাখা এবং অগ্রাধিকার ভিত্তিতে পুরাতন মামলা/মোকদ্দমা শুনানি ও নিষ্পত্তির জন্য গ্রহণ সংক্রান্ত।**

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় কর্তৃক সম্প্রতি দেশের বিভিন্ন আদালত পরিদর্শনকালে প্রতিভাত হয় যে, মামলা/মোকদ্দমার শুনানি মুলতবী এবং তারিখ নির্ধারণের ক্ষেত্রে Criminal Rules and Orders (Volume-1), Civil Rules and Orders (Volume-1) এবং The Code of Civil Procedure, 1908 এর সংশ্লিষ্ট বিধি/বিধান যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না। মামলা/মোকদ্দমায় একবার সাক্ষ্যগ্রহণ শুরু হলে সকল সাক্ষীর সাক্ষ্যগ্রহণ সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রতিদিন (From day to day) শুনানি অব্যাহত রাখার বিধান থাকলেও অনেক ক্ষেত্রে, কোন যৌক্তিক কারণ ব্যতিরেকে ইচ্ছামাফিক শুনানি মুলতবী করা হয়। দীর্ঘদিনের পুরাতন মামলা/মোকদ্দমার শুনানির তারিখ দীর্ঘ সময় পর নির্ধারণ করা হয় ও অপেক্ষাকৃত নতুন মামলা/মোকদ্দমায় সংক্ষিপ্ত বিরতিতে শুনানির তারিখ নির্ধারণ করা হয়।

০২। মামলা/মোকদ্দমার শুনানি মুলতবী এবং তারিখ নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে নিম্নলিখিত নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালনের নির্দেশ প্রদান করা হলোঃ-

(ক) মামলা/মোকদ্দমায় একবার সাক্ষ্যগ্রহণ শুরু হলে (যৌক্তিক কারণে মুলতবী অপরিহার্য না হলে) সকল সাক্ষীর সাক্ষ্যগ্রহণ সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রতিদিন (From day to day) শুনানি অব্যাহত রাখা।

(খ) তিন **বছরের অধিক** পুরাতন মামলা/মোকদ্দমায় সাক্ষ্যগ্রহণকালে শুনানি যৌক্তিক কারণে মুলতবী একান্ত অপরিহার্য হলে যতদূর সম্ভব সংক্ষিপ্ততম বিরতিতে **(কোনক্রমেই এক মাসের অধিক নয়)** পরবর্তী শুনানির তারিখ নির্ধারণ করা।

(গ) অগ্রাধিকার ভিত্তিতে পুরাতন মামলা/মোকদ্দমা শুনানির জন্য গ্রহণ ও নিষ্পত্তি করা।

০৩। এ সার্কুলার ইতোপূর্বে অত্র কোর্ট হতে জারীকৃত সার্কুলারসমূহের পরিপূরক হিসেবে গণ্য হবে। তবে পূর্বে জারীকৃত সার্কুলারের কোনো বিষয়ের সাথে এ সার্কুলারের কোনো নির্দেশাবলী অসামঞ্জস্যপূর্ণ হলে এ সার্কুলারের বিধানাবলী প্রযোজ্য হবে।

আদেশক্রমে,

স্বাঃ/-

(সৈয়দ আমিনুল ইসলাম)
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

স্মারক নং- ১৬৭৭২ -এ, তারিখঃ-২/০৮/২০১৫খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। জেলা জজ......................................................................(সকল)।
৩। মহানগর দায়রা জজ..........................................................(সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ........................................................(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল..........................(সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল...............(সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল..........................................(সকল)।
৮। বিশেষ জজ (জেলা জজ)...........................................................(সকল)।
৯। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল..........(সকল)।
১১। চেয়ারম্যান (জেলা জজ), কোর্ট অব সেটেলমেন্ট..........................................(সকল)।
১২। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
১৩। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, এসইসি, ঢাকা।
১৪। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৫। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত..................................................(সকল)।
১৬। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট..........................................................(সকল)।
১৭। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট......................................................(সকল)।
১৮। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা। (সংরক্ষনের জন্য)
১৯। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, .................................................(সকল)।
২০। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচারককে অনুলিপি বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

ইস্যু করা হইল
২৮/৮/১৫
মোঃ সাইদুর রহমান
প্রশাসনিক কর্মকর্তা
আদান প্রদান শাখা
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

২৯/০৭/২০১৫খ্রি
(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাঃ ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬